খসড়া

# উপাত্ত প্রকাশ নীতিমালা ২০২৫

# Data Dissemination Policy 2025

**মে ২০২৫**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

**BANGLADESH BUREAU OF STATISTICS (BBS)**
**STATISTICS AND INFORMATICS DIVISION (SID)**
**MINISTRY OF PLANNING**

# সূচিপত্র

**১.০** প্রস্তাবনা:............................................................১
২.০ শিরোনাম:............................................................১
৩.০ আইনগত ভিত্তি:............................................................১
৪.০ প্রয়োগ ও প্রবর্তন: ............................................................১
৫.০ নীতিমালার উদ্দেশ্য:............................................................১
৬.০ সংজ্ঞা:............................................................১
৭.০ প্রকাশিত পরিসংখ্যানের গুণগতমান:............................................................২
৮.০ উপাত্ত প্রকাশের মাধ্যম:............................................................৩
৯.০ মাইক্রোডেটা সরবরাহের মাধ্যম: ............................................................৩
১০.০ প্রকাশযোগ্য উপাত্তের ধরন:............................................................৩
১১.০ বিনামূল্যে প্রকাশযোগ্য তথ্য/প্রকাশনার পরিমাণ নির্ধারণ:............................................................৩
১২.০ প্রকাশাধিকার সংরক্ষণ: ............................................................৪
১৩.০ উপাত্ত/মাইক্রোডেটার ব্যাকআপ:............................................................৪
১৪.০ মাইক্রোডেটা প্রকাশ, সরবরাহ ও প্রবেশাধিকারের শর্তাবলি:............................................................৪
১৫.০ মাইক্রোডেটা প্রাপ্তির আবেদন, সরবরাহের পদ্ধতি ও সময়সীমা: ............................................................৫
১৬.০ উপাত্ত সরবরাহের মূল্য কাঠামো: ............................................................৬
১৭.০ উপাত্ত বা মাইক্রোডেটার মূল্য পরিশোধ পদ্ধতি:............................................................৬
১৮.০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ, দায়িত্ব ও কর্মপরিধি:............................................................৭
১৯.০ সরবরাহকৃত উপাত্ত ব্যবহারের শর্তাবলি: ............................................................৭
২০.০ উপাত্ত বা মাইক্রোডেটা সংক্রান্ত অভিযোগ: ............................................................৭
২১.০ নীতিমালার ব্যাখ্যা: ............................................................৮
২২.০ নীতিমালার সংশোধন:............................................................৮
২৩.০ নীতিমালার পরিমার্জন ও রহিতকরণ:............................................................৮
২৪.০. ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ: ............................................................৮

**১.০ প্রস্তাবনা:**

সঠিক, মানসম্মত ও সময়োপযোগী পরিসংখ্যান আর্থসামাজিক উন্নয়নের অন্যতম প্রধান উপাদান, যা কার্যকর নীতিনির্ধারণ ও কৌশলগত সিদ্ধান্ত গ্রহণে অপরিহার্য। পরিসংখ্যান কার্যক্রমকে আরও গতিশীল ও সমন্বিত করার লক্ষ্যে পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন করা হয়েছে। সঠিক পরিকল্পনা প্রণয়ন ও কার্যকর নীতিনির্ধারণের জন্য সময়মতো নির্ভুল ও প্রাসঙ্গিক তথ্য-উপাত্ত সরবরাহ নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গুণগত মানসম্পন্ন উপাত্তের ক্রমবর্ধমান চাহিদা পূরণ এবং তথ্য সরবরাহ প্রক্রিয়াকে সুশৃঙ্খল করতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) উপাত্ত প্রকাশ নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভব করে। এই প্রেক্ষাপটে, তথ্য-উপাত্ত সহজলভ্য করা এবং ব্যবহারকারীদের চাহিদা অনুযায়ী সঠিক ও নির্ভরযোগ্য তথ্য সরবরাহ নিশ্চিত করতে বিবিএস, সরকারের পূর্বানুমোদনক্রমে, অত্র উপাত্ত প্রকাশ নীতিমালা-২০২৫ প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করেছে।

**২.০ শিরোনাম:**

এ নীতিমালা 'উপাত্ত প্রকাশ নীতিমালা ২০২৫' নামে অভিহিত হবে।

**৩.০ আইনগত ভিত্তি:**

পরিসংখ্যান আইন, ২০১৩ (২০১৩ সনের ১২ নং আইন)-এর ৬ (ঙ) ধারা অনুযায়ী বিবিএস, সরকারের পূর্বানুমোদনক্রমে, এ নীতিমালা প্রণয়ন করেছে।

**৪.০ প্রয়োগ ও প্রবর্তন:**

(ক) এই নীতিমালা বিবিএস কর্তৃক সংগৃহীত, প্রক্রিয়াজাত ও প্রস্তুতকৃত পরিসংখ্যান এবং উপাত্ত প্রকাশের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(খ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

**৫.০ নীতিমালার উদ্দেশ্য:**

i. শুমারি ও নমুনা জরিপের উপাত্ত, প্রতিবেদন ও মাইক্রোডেটা প্রকাশ এবং তা ব্যবহারকারীদের নিকট সরবরাহের পদ্ধতি নির্ধারণ;

ii. নীতিনির্ধারক, গবেষক, শিক্ষার্থী ও অন্যান্য ব্যবহারকারীদের চাহিদানুসারে পরিসংখ্যান ও উপাত্ত সহজলভ্য করা।

iii. সরকারি পরিসংখ্যান ও উপাত্তের সর্বজনীন, স্বচ্ছ ও ন্যায্য ব্যবহার নিশ্চিত করা।

**৬.০ সংজ্ঞা:**

**(i) বিবিএস:**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

**(ii) মহাপরিচালক :**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক।

**(iii) উপাত্ত :**

তথ্যের প্রাথমিক একক বা পর্যবেক্ষণ, যা বিভিন্ন উৎস থেকে যথাযথ প্রক্রিয়ায় সংগ্রহ করা হয় (যেমন-মাইক্রোডেটা)। এই নীতিমালায় উপাত্ত বা ডেটা বলতে ডেটাসহ পরিসংখ্যান, মাইক্রোডেটা, মেটাডেটা, কাস্টমাইজড টেবিল, জিআইএস অর্থাৎ যত ধরনের পরিসংখ্যানগত ডেটা রয়েছে সেগুলি বোঝাবে।

**(iv) তথ্য:**

সংগৃহীত উপাত্তকে নির্দিষ্ট চাহিদার প্রেক্ষিতে বিশ্লেষণ, শ্রেণিকরণ ও সংকলনের মাধ্যমে প্রাপ্ত সুশৃঙ্খল ফলাফল বা সংগৃহীত উপাত্তের ব্যবহারযোগ্য রূপ ।

**(v) মেটাডেটা :**

একর্টি ডটোসটেরে বশৈষি্ট্য, প্রস্তুতি ও সংকলনরে ববিরণ, যার মধ্যে নমুনার আকার, চলক, তথ্যসংগ্রহ প্রক্রয়িা এবং ভৌগোলকি ব্যাপ্তি অন্তর্ভুক্ত।

**(vi) মাইক্রোডেটা :**

শুমারি বা নমুনা জরিপে সংগৃহীত একক উপাত্ত, যা ব্যক্তি, প্রতিষ্ঠান বা উদ্যোগ সম্পর্কিত তথ্য ধারণ করে।

**(vii) এনোনিমাইজড মাইক্রোডেটা :**

মাইক্রোডেটা থেকে ব্যক্তিগত শনাক্তকরণযোগ্য তথ্য (যেমন নাম, ঠিকানা) অপসারণ করা উপাত্ত।

**(viii) আউটপুট টেবিল :**

সংগৃহীত উপাত্তকে সুশৃঙ্খল বিন্যাসে উপস্থাপন, যার মধ্যে শিরোনাম, সারি শিরোনাম, কলাম শিরোনাম , কলাম এবং সারির বর্ণনা, কোডিং তথ্য এবং ডেটা ব্যাখ্যার জন্য প্রয়োজনীয় অন্যান্য মেটাডেটা থাকে।

**(ix) শুমারি :**

একটি ভূখন্ডের সকল মানুষ ও বিভিন্ন সেক্টর বা ইউনিটকে গণনা করা ।

**(x) নমুনা জরিপ :**

সমগ্র জনসংখ্যা থেকে বিজ্ঞানসম্মত পদ্ধতিতে নমুনা চয়নের মাধ্যমে সংগৃহীত উপাত্ত।

**(xi) পরিসংখ্যান :**

পরিসংখ্যান বিজ্ঞান বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণক্রমে শুমারি বা সেন্সাস ও জরিপের মাধ্যমে সংগৃহীত ও প্রকাশিত তথ্য ।

**(xii) সরকারি পরিসংখ্যান :**

বিবিএস কর্তৃক প্রণীত, সংরক্ষিত ও প্রকাশিত পরিসংখ্যান। প্রযোজ্য ক্ষেত্রে বিবিএস কর্তৃক প্রনীত নীতিমালা অনুসরণক্রমে এবং বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও সময়ে বিবিএস এর অনাপত্তি গ্রহণপূর্বক অন্যান্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত ও প্রকাশিত পরিসংখ্যান ।

**(xiii) প্রকাশ :**

পরিসংখ্যান ও উপাত্ত প্রস্তুতির পর নির্ধারিত মাধ্যম (যেমন ওয়েবসাইট, ইলেকট্রনিক ফরম্যাট, মুদ্রিত প্রকাশনা, বিবৃতি, সংবাদ বিজ্ঞপ্তি ইত্যাদি) ব্যবহার করে ব্যবহারকারীদের নিকট পরিসংখ্যান ও উপাত্ত উপস্থাপন।

## ৭.০ প্রকাশিত পরিসংখ্যানের গুণগতমান:

বিবিএস সরকারি পরিসংখ্যান প্রকাশের ক্ষেত্রে গুণগত মান, নির্ভরযোগ্যতা ও গ্রহণযোগ্যতা নিশ্চিত করতে নিম্নলিখিত নীতি এবং ফ্রেমওয়ার্ক অনুসরণ করবে:

(i) পরিসংখ্যানের মান ও গ্রহণযোগ্যতা নিশ্চিতকরণে National Data Quality Assurance Framework (NQAF);

(ii) United Nations Statistics Division (UNSD), International Labour Organization (ILO), International Monetary Fund (IMF), World Bank Group (WB) সহ খ্যাতনামা আন্তর্জাতিক সংস্থাগুলোর অনুসৃত নীতিমালা, সংজ্ঞা ও পদ্ধতি।

**৮.০ উপাত্ত প্রকাশের মাধ্যম:**

শুমারি ও নমুনা জরিপের রিপোর্ট আনুষ্ঠানিকভাবে সর্বসাধারণের উদ্দেশ্যে বিবিএস এর ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং মুদ্রিত কপি বিবিএস পাঠাগার ও বিক্রয় কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে। প্রয়োজনে রিপোর্ট প্রকাশের পাশাপাশি- (i) প্রেস রিলিজ (ii) সংবাদ সম্মেলন আয়োজন (iii) সেমিনার/প্রবন্ধ/সাক্ষাৎকার প্রদান এবং (iv) মাসিক/ত্রৈমাসিক পরিসংখ্যান প্রকাশনা অনুষ্ঠানের মাধ্যমে উপাত্ত প্রকাশ করা হবে। এছাড়া, অন্যকোন স্বীকৃত আধুনিক পদ্ধতির মাধ্যমেও উপাত্ত প্রকাশ করা যাবে।

**৯.০ মাইক্রোডেটা সরবরাহের মাধ্যম:**

শুমারি বা নমুনা জরিপের রিপোর্ট প্রকাশের পর মাইক্রো-লেভেলের উপাত্তে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট ব্যক্তির/প্রতিষ্ঠানের সনাক্তকরণ সংক্রান্ত তথ্য মুছে, পোর্টেবল হার্ডড্রাইভ/পেনড্রাইভ/উপাত্ত বহনযোগ্য অন্য কোন ডিজিটাল ডিভাইস/ বিবিএস ওয়েবসাইট কিংবা অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে মাইক্রোডেটা সরবরাহ করা হবে।

**১০.০ প্রকাশযোগ্য উপাত্তের ধরন:**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিভিন্ন শুমারি ও নমুনা জরিপ, কেস স্টাডিজ/পাইলট স্টাডিজ প্রভৃতি উপাত্তকে ০৩টি শ্রেণিতে ভাগ করা হয়েছে, যথা:

**(i) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য উপাত্ত:**

বিবিএস নিয়মিতভাবে Advance Release Calendar (ARC) হালনাগাদ করবে এবং তা ওয়েবসাইটে প্রকাশ করবে। ARC-এ উল্লিখিত নমুনা জরিপ/কেস স্টাডিজসমূহের প্রকাশিত রিপোর্ট স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য উপাত্ত হিসেবে বিবেচিত হবে। এফএ এন্ড এমআইএস উইং দায়িত্ব প্রাপ্ত উইং হিসেবে ARC নিয়মিতভাবে হালনাগাদ করবে এবং কম্পিউটার উইং কর্তৃক তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**(ii) নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে প্রদানযোগ্য উপাত্ত:**

বিবিএস নিয়মিতভাবে নমুনা জরিপের এনোনিমাইজড মাইক্রোডেটার (Anonymizd Microdata) তালিকা প্রণয়ন করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে। এরূপ উপাত্ত/মাইক্রোডেটা অনুচ্ছেদ-১৬ এ উল্লিখিত নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে/ বিনামূল্যে প্রদানযোগ্য উপাত্ত হিসেবে বিবেচিত হবে এবং ব্যবহারকারীগণের আবেদন ওয়েবসাইটে রেজিস্ট্রেশন সম্পন্নপূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পন্থায় আবেদনকারীকে তা সরবরাহ করবেন।

**(iii) প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন উপাত্ত:**

এই নীতিমালার অন্যান্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নিম্নোক্ত উপাত্ত, প্রদান, প্রকাশ বা প্রচারে বাধ্য থাকবে না:

ক. উপাত্তে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরূপ তথ্য;

খ. তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ উপাত্ত;

গ. জাতীয় স্বার্থে গোপন রাখা বাঞ্ছনীয় বিবেচিত উপাত্ত;

ঘ. জনমনে উদ্বেগ কিংবা বিভ্রান্তি ছড়াতে পারে কিংবা জাতীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ এমন উপাত্ত।

**১১.০ বিনামূল্যে প্রকাশযোগ্য তথ্য/প্রকাশনার পরিমাণ নির্ধারণ:**

শুমারি ও নমুনা জরিপের কী পরিমাণ তথ্য সাধারণ ব্যবহারকারীগণের নিকট বিনামূল্যে প্রকাশ করা হবে, (যেমন- মুদ্রিত সংস্করণ, ই-বুক এবং আনুষ্ঠানিক ওয়েবসাইট ইত্যাদি) তা যথাযথ মহাপরিচালক, বিবিএস কর্তৃক নির্ধারিত হবে।

**১২.০ প্রকাশাধিকার সংরক্ষণ:**

বিবিএস পরিসংখ্যান আইন, ২০১৩ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৬ অনুসারে কৌশলগত কারণে গোপন রাখা প্রয়োজন এমন পরিসংখ্যান ও উপাত্ত প্রকাশ বা সরবরাহ থেকে বিরত থাকার বা সীমিতভাবে প্রকাশের অধিকার সংরক্ষণ করবে এবং এর আওতা মহাপরিচালক কতৃক নির্ধারিত হবে ।

**১৩.০ উপাত্ত/মাইক্রোডেটার ব্যাকআপ:**

(i) উপাত্ত/ মাইক্রোডেটা যথাযথ ও অনুমোদিত সুরক্ষিত স্থানে সংরক্ষণ করা হবে;
(ii) প্রস্তুতকৃত সকল মাইক্রোডেটাসেটের ব্যাকআপ কপি সংরক্ষণ করা হবে; এবং
(iii) প্রাক্কলিত/সংকলিত প্রতিবেদনের পাশাপাশি এক্সেল ফরমেটে টাইম সিরিজ উপাত্ত সংরক্ষণ করা হবে।

**১৪.০ মাইক্রোডেটা প্রকাশ, সরবরাহ ও প্রবেশাধিকারের শর্তাবলি:**

(i) উপাত্ত যথাযথ গোপনীয়তা, নির্ভরযোগ্যতা এবং নিরাপত্তা বজায় রেখে বিবিএস-এর ওয়েবসাইট বা অনুমোদিত মাধ্যমে প্রকাশ করা হবে। পাশাপাশি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটেও গুরুত্বপূর্ণ রিপোর্টসমূহ প্রকাশ করা হবে।

(ii) নীতিনির্ধারণ, জাতীয় স্বার্থ বা পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনে, মহাপরিচালকের অনুমোদনে নির্ধারিত সময়ের পূর্বেই নির্দিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রাসঙ্গিক পরিসংখ্যান বা উপাত্ত সরবরাহ করা যেতে পারে। এ ক্ষেত্রে অনুমোদিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের তালিকা ও সরবরাহের যৌক্তিকতা সংরক্ষণ এবং তা নিয়মিত পর্যালোচনা করতে হবে। অনুমোদন ছাড়া আগাম প্রকাশ বা তৃতীয় পক্ষকে পরিসংখ্যান বা উপাত্ত সরবরাহ করা যাবে না ।

(iii) শুমারি ও জরিপের চূড়ান্ত রিপোর্ট প্রকাশের এক মাসের মধ্যে সংশ্লিষ্ট মেটাডেটা বিবিএস ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

(iv) যে কোন জরিপের রিপোর্ট প্রকাশিত হওয়ার পরে সঙ্গে সঙ্গে তা এক্সেল ফরমেটে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(v) শুমারি ও জরিপের চূড়ান্ত রিপোর্ট প্রকাশের এক মাসের মধ্যে সংশ্লিষ্ট এনোনিমাইজড মাইক্রোডেটা সরবরাহযোগ্য করা হবে ।

(vi) নমুনা জরিপের ক্ষেত্রে সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহযোগ্য। তবে, শুমারির ক্ষেত্রে প্রশাসনিক ইউনিট বা চলকভিত্তিক সর্বোচ্চ ৫% পর্যন্ত এনোনিমাইজড মাইক্রোডেটা সরবরাহযোগ্য। বিশেষ প্রয়োজনে মহাপরিচালক ৫% এর বেশি সরবরাহ অনুমোদন করতে পারেন।

(vii) ব্যবহারকারীর চাহিদার ভিত্তিতে, প্রকাশনা বহির্ভূত তবে সর্বজনীনভাবে প্রকাশযোগ্য উপাত্তের Output Table নির্ধারিত ফি (অনুচ্ছেদ ১৬ দ্রষ্টব্য) প্রদান সাপেক্ষে মহাপরিচালকের অনুমোদনক্রমে সরবরাহ করা যাবে।

(viii) বিবিএস এবং অন্য কোনো প্রতিষ্ঠান যৌথভাবে শুমারি, জরিপ বা গবেষণা কার্যক্রম পরিচালনা করলে, উক্ত প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট নমুনা জরিপের সম্পূর্ণ মাইক্রোডেটা সরবরাহ করা যাবে। কিন্তু শুমারির সম্পূর্ণ উপাত্ত সরবরাহ করা যাবে না। অবশ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিবিএস কার্যালয়ে অবস্থানপূর্বক শুমারির সম্পূর্ণ ডেটাসেট ব্যবহার করে প্রয়োজনীয় টেবিল/চার্ট প্রস্তুত করতে পারবে। এক্ষেত্রে বিবিএস এর সংশ্লিষ্ট উইং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ix) সরকারি প্রতিষ্ঠানসমূহকে শুমারি ও নমুনা জরিপের নির্ধারিত পরিমাণ উপাত্ত বিনামূল্যে সরবরাহ করা যাবে।

(x) উন্নয়ন সহযোগী সংস্থার আর্থিক বা কারিগরি সহায়তায় পরিচালিত শুমারি বা নমুনা জরিপের সম্পূর্ণ মাইক্রোডেটা মহাপরিচালকের অনুমোদনক্রমে উক্ত সংস্থাকে বিনামূল্যে সরবরাহ করা যাবে। তবে শুমারির উপাত্ত সম্পূর্ণ বা আংশিক সরবরাহের সিদ্ধান্ত বিবিএস সংরক্ষণ করবে।

(xi) কোনো প্রতিষ্ঠান বিবিএস-এর সাথে MoU, LoA বা Bilateral Agreement স্বাক্ষর করলে কিংবা নমুনা জরিপ পরিচালনার জন্য আর্থিক বা কারিগরি সহায়তা প্রদান করলে, উক্ত প্রতিষ্ঠানকে তাদের জন্য প্রযোজ্য উপাত্ত বিনামূল্যে সরবরাহ করা যাবে।

(xii) অন্য কোন ব্যক্তি, সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত প্রশাসনিক উপাত্তের বিশ্লেষণ, উপস্থাপন বাব্যাখ্যার জন্য বিবিএস দায়ী থাকবে না।

**১৫.০ মাইক্রোডেটা প্রাপ্তির আবেদন, সরবরাহের পদ্ধতি ও সময়সীমা:**

(i) মাইক্রোডেটা প্রাপ্তির জন্য নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে, যা বিবিএস-এর ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন অনলাইনে রেজিস্ট্রেশনের মাধ্যমে, ই-মেইলে, অথবা হার্ডকপিতে জমা দেওয়া যাবে।

(ii) আবেদনপত্র গ্রহণের পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করবেন, যাতে রেফারেন্স নম্বর, আবেদন গ্রহণকারীর নাম, পদবী ও গ্রহণের তারিখ উল্লেখ থাকবে।

(iii) অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদন প্রেরণের তারিখই (প্রাপ্তি সাপেক্ষে) আবেদন গ্রহণের তারিখ হিসেবে গণ্য হবে।

(iv) একক জরিপ বা শুমারির ক্ষেত্রে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন গ্রহণের তারিখ থেকে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে এনোনিমাইজড মাইক্রোডেটা সরবরাহ করবেন।

(v) চাহিত উপাত্ত একাধিক শুমারি ও জরিপের জন্য হলে, সরবরাহের সময়সীমা ১৫ (পনেরো) কার্যদিবস পর্যন্ত হতে পারে।

(vi) আবেদনের অনুমোদনের পর নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে মাইক্রোডেটা সরবরাহ করা হবে। মূল্য পরিশোধ না হলে উপাত্ত হস্তান্তর করা যাবে না।

(vii) অনুমোদিত এনোনিমাইজড মাইক্রোডেটা বিবিএস-এর ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা আবেদনকারী কর্তৃক সরবরাহকৃত পোর্টেবল হার্ডড্রাইভ, পেনড্রাইভ বা অন্যান্য নিরাপদ ডিজিটাল ডিভাইসে সরবরাহ করা হবে।

(viii) উপাত্ত গ্রহণকারীকে উপযুক্ত সাইবার নিরাপত্তা ও আইটি সুরক্ষা মানদণ্ড অনুসরণ করতে হবে। কোনো ধরনের উপাত্ত লঙ্ঘনের (Data Breach) ঘটনা ঘটলে তাৎক্ষনিক যথাযথ প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং তা লিখিতভাবে বিবিএস এর মহাপরিচালককে অবহিত করতে হবে।

(ix) সরবরাহকৃত প্রতিটি উপাত্ত সংক্রান্ত অগ্রপত্রে "এই তথ্য পরিসংখ্যান আইন, ২০১৩-এর আওতায় সরবরাহ করা হয়েছে" উল্লেখ থাকতে হবে । এতে প্রত্যয়নকারী কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর ও দাপ্তরিক সিল থাকতে হবে।

(x) যদি কোনো কারণে চাহিত উপাত্ত আংশিক বা সম্পূর্ণভাবে সরবরাহ সম্ভব না হয়, তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীকে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তা, যৌক্তিক কারণসহ, লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করবেন।

খসড়া

(xi) অনুচ্ছেদ ১৫.০ (x) এ উল্লিখিত সিদ্ধান্তে সংক্ষুব্ধ আবেদনকারী পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালকের কাছে আপিল করতে পারবে। এক্ষেত্রে মহাপরিচালকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

## ১৬.০ উপাত্ত সরবরাহের মূল্য কাঠামো:

দেশি ও বিদেশি ব্যবহারকারীদের নিকট বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত ও প্রকাশিত উপাত্ত/ মাইক্রোডেটা সহজলভ্য করার লক্ষ্যে নিম্নোক্ত মূল্য তালিকা অনুসরণ করা হবে। চাহিত উপাত্ত বা মাইক্রোডেটার জন্য পরিশোধিত অর্থ রাজস্ব আয় হিসেবে বিবেচিত হবে।

**(মূল্য: টাকায় ও প্রযোজ্য ক্ষেত্রে ডলারে)**

| বিবরণ | সরকারি প্রতিষ্ঠান (মন্ত্রণালয় / বিভাগ / অধিদপ্তর / সংস্থা) | | দেশি প্রতিষ্ঠান বা সংস্থাসমূহ | | বিদেশি প্রতিষ্ঠান বা সংস্থাসমূহ | | শিক্ষার্থী | | | | গবেষক | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | মূল্য | ডেটার পরিমাণ | মূল্য | ডেটার পরিমাণ | মূল্য | ডেটার পরিমাণ | মূল্য | | | ডেটার পরিমাণ | মূল্য | | ডেটার পরিমাণ |
| | | | | | | | দেশি | প্রবাসী | বিদেশি | | দেশি | বিদেশি | |
| শুমারির ডেটাসেট (প্রতি শুমারি) | বিনা মূল্যে | ১০০% | ১,০০,০০০/- | ৫% | $ 2500 | ৫% | ১০০০/- | $ 100 | $ 1000 | ৫% | ২৫,০০০/- | $ 1000 | ৫% |
| সার্ভে ডেটাসেট (প্রতি সার্ভে) | বিনা মূল্যে | ১০০% | ৫০,০০০/- | ১০০% | $ 1000 | ১০০% | ৫০০/- | $ 20 | $ 100 | ১০০% | ১০,০০০/- | $ 100 | ১০০% |
| নমুনা এলাকা ম্যাপ (প্রতি সার্ভের জন্য) | বিনা মূল্যে | ১০০% | ২৫,০০০/- | ১০০% | $ 100 | ১০০% | ৫০০/- | $ 20 | $ 100 | ১০০% | ১০,০০০/- | $ 100 | ১০০% |
| শুমারি, জরিপ বা প্রশাসনিক তথ্যের প্রকাশনা বহির্ভূত Output Table | বিনা মূল্যে | ১০০% | ৫,০০০/- | প্রতি ১০টি টেবিল বা আংশিক | $ 200 | প্রতি ১০টি টেবিল বা আংশিক | ৫০০/- | $ 20 | $ 100 | প্রতি ১০টি টেবিল বা আংশিক | ৫,০০০/- | $ 100 | প্রতি ১০টি টেবিল বা আংশিক |
| জনশুমারিতে অন্তর্ভুক্তির তথ্য (সনদ, জনপ্রতি) | ৫০০/- | | | | | | | | | | | | |
| বিনামূল্যে সার্বজনীন ব্যবহারের ডেটা | বিবিএস ওয়েবসাইট http://www.bbs.gov.bd এ আপলোড করা সার্বজনীন ব্যবহারের ডেটা/রিপোর্টসমূহ বিনামূল্যে ডাউনলোড করা যাবে। | | | | | | | | | | | | |

## ১৭.০ উপাত্ত বা মাইক্রোডেটার মূল্য পরিশোধ পদ্ধতি:

(i) চাহিত উপাত্ত বা মাইক্রোডেটার মূল্য বিবিএস কর্তৃক নির্ধারিত সরকারি ব্যাংক একাউন্ট-এর অনুকূলে, টাকায় বা সমমূল্যের বৈদেশিক মুদ্রায় পরিশোধ করতে হবে।

(ii) চাহিত উপাত্ত বা মাইক্রোডেটার মূল্য চালান, বারকোড, কার্ড বা নেট ব্যাংকিং সুবিধা ব্যবহার করে অনলাইনে পরিশোধ করা যাবে।

(iii) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান হার্ডকপি আকারে বা পোর্টেবল ডিভাইসের মাধ্যমে উপাত্ত সরবরাহের অনুরোধ করলে, অনুচ্ছেদ ১৩ এ উল্লিখিত মূল্যের অতিরিক্ত হিসেবে প্রযোজ্য ক্ষেত্রে ডিভাইস খরচ ও ডাক/কুরিয়ার চার্জ পরিশোধ করতে হবে।

(iv) বাংলাদেশের বাইরে অবস্থানরত আবেদনকারীগণ বিবিএস নির্ধারিত SWIFT ট্রান্সফারের মাধ্যমে অর্থ প্রদান করতে পারবেন।

**১৮.০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ, দায়িত্ব ও কর্মপরিধি:**

(i) মহাপরিচালক বিভিন্ন শুমারি ও জরিপের উপাত্ত সংরক্ষণ, সরবরাহ ও বিক্রয় সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য এক বা একাধিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নিয়োজিত করবেন এবং তাদের পরিচিতি ও দায়িত্ব বিবিএস-এর ওয়েবসাইটে ও অফিসিয়াল সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ করবেন।

(ii) দায়িত্ব পালনের প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিবিএস-এর যেকোনো উইং পরিচালক বা কর্মকর্তার সহায়তা চাইতে পারবেন, এবং সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

(iii) চাহিত উপাত্ত বা তথ্যে তৃতীয় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিষয়টি যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(iv) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনপত্র ও সংশ্লিষ্ট নথিপত্র সংরক্ষণ করবেন, উপাত্ত সরবরাহসংক্রান্ত বার্ষিক প্রতিবেদন সংকলন করবেন এবং কর্তৃপক্ষের অনুরোধে প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।

(v) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে মহাপরিচালক কর্তৃক মনোনীত বিকল্প কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুরূপ দায়িত্ব পালন করবেন।

**১৯.০ সরবরাহকৃত উপাত্ত ব্যবহারের শর্তাবলি:**

(i) সরবরাহকৃত পরিসংখ্যান ও উপাত্ত শুধুমাত্র নির্ধারিত পরিসংখ্যানগত ও বৈজ্ঞানিক গবেষণার উদ্দেশ্যে ব্যবহারযোগ্য।

(ii) কোন বিশেষ ব্যক্তি, সংস্থা বা নির্দিষ্ট অনুসন্ধানকে লক্ষ্য করে উপাত্ত ব্যবহার করা যাবে না। উপাত্ত থেকে তথ্যদাতাদের পরিচয় শনাক্ত করার চেষ্টা সম্পূর্ণরূপে নিষিদ্ধ। তবে, সমষ্টিগত প্রতিবেদন বা পরিসংখ্যান মডেল তৈরির জন্য উপাত্ত ব্যবহার করা যাবে।

(iii) ব্যবহারকারীগণ ব্যক্তিগত তথ্যের সাথে মাইক্রোডেটা লিংক বা ক্রস-ম্যাচ করার চেষ্টা থেকে বিরত থাকবেন। মাইক্রোডেটায় পর্যবেক্ষণ ইউনিট শনাক্ত করার চেষ্টা নিষিদ্ধ।

(iv) বিবিএস-এর মাইক্রোডেটা ব্যবহার করে প্রস্তুতকৃত প্রকাশনা, প্রতিবেদন বা গবেষণায় উৎস হিসেবে বিবিএসকে যথাযথ স্বীকৃতি (Acknowledgement) প্রদান করতে হবে ।

(v) সরবরাহকৃত উপাত্ত বা তার উপর ভিত্তি করে প্রস্তুতকৃত প্রকাশনায় কোনো ভুল বা অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে তা অবিলম্বে বিবিএসকে অবহিত করতে হবে। বিবিএস তা সংশোধনপূর্বক পুনরায় প্রকাশ করবে।

(vi) মূল্য পরিশোধ সাপেক্ষে বিবিএস থেকে প্রাপ্ত শুমারি বা জরিপের উপাত্ত বা মাইক্রোডেটা কোনো অবস্থাতেই অন্য কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে বিনামূল্যে বা অর্থের বিনিময়ে সরবরাহ করা যাবে না।

**২০.০ উপাত্ত বা মাইক্রোডেটা সংক্রান্ত অভিযোগ:**

**(i)** উপাত্ত/ মাইক্রোডেটা সম্পর্কিত যে কোন অভিযোগ লিখিতভাবে মহাপরিচালক, বিবিএসকে অবহিত করতে হবে। মহাপরিচালক, বিবিএস অথবা মহাপরিচালক কর্তৃক মনোনীত কর্মকর্তা এককভাবে অভিযোগ পর্যালোচনা করে নিষ্পত্তি করতে পারবেন। প্রয়োজনে তিনি উভয় পক্ষের বক্তব্য শুনে অভিযোগ নিষ্পত্তি করবেন;

**(ii)** অভিযোগ নিষ্পত্তিতে মহাপরিচালক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**২১.০ নীতিমালার ব্যাখ্যা:**

(i) এই নীতিমালা ব্যাখ্যার ক্ষেত্রে কোন অস্পষ্টতা দেখা দিলে, বিবিএস এর ব্যাখ্যাই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

(ii) এই নীতিমালায় অন্তর্ভুক্ত নয় এমন কোনো নতুন বা বিশেষ বিষয় উত্থাপিত হলে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে নিষ্পত্তি করা হবে।

(iii) সরকারি তথ্য উন্মুক্তকরণ (Open Government Data - OGD) কাঠামো বাস্তবায়নের ক্ষেত্রে, যদি এই নীতিমালার সঙ্গে কোনো অসঙ্গতি বা সংঘর্ষ দেখা দেয়, তবে OGD নীতিমালা প্রাধান্য পাবে।

**২২.০ নীতিমালার সংশোধন:**

এই নীতিমালায় ভবিষ্যতে কোনো ধরনের সংশোধনের আবশ্যকতা প্রতীয়মান হলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদনক্রমে তা সম্পাদন করতে হবে।

**২৩.০ নীতিমালার পরিমার্জন ও রহিতকরণ:**

এই নীতিমালায় যাহা কিছুই থাকুক না কেন, সরকার জনস্বার্থে তা পরিবর্তন, পরিমার্জন বা রহিতকরণসহ যেকোনো সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

**২৪.০. ইংরেজিতে অনুদিত পাঠ প্রকাশ:**

(i) এই নীতিমালা কার্যকর হওয়ার পর কর্তৃপক্ষ ইংরেজিতে অনুদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করতে পারবে;

(ii) এই নীতিমালার বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা প্রাধান্য পাবে।